

Greetings from Leathersgoods And Footwear Manufacturers & Exporters Association of Bangladesh (LFMEAB)!

We are pleased to inform you that LFMEAB has signed a MoU with BRAC for supporting the vulnerable women returnees from Middle East. Under the MoU, on Monday, 11th June, 2018, **LFMEAB has handed over 1 lac BDT cash (per person) to 22 vulnerable women returnees from Middle East. Further, LFMEAB will arrange rehabilitation (employment) thorough skill development for 50 women returnees** in mutually convenient time.

In this regard, please see news coverage of Donation Handover program below:

Call to stop sending domestic helps to Saudi Arabia

BRAC, LFMEAB sign MoU on reintegration of women workers

The Financial Express Report | June 12, 2018 00:00:00

Bangladesh should stop sending domestic workers to Saudi Arabia considering pervasive workplace abuse there, speakers at a programme said on Monday. Rather, job opportunities should be created for less-skilled women in the country, they said.

Different sectors such as apparel, knitwear and leather can employ the women willing to go abroad for jobs, they added.

The BRAC and the Leathersgoods and Footwear Manufacturer and Exporters Association of Bangladesh (LFMEAB) jointly organised the 'Emergency Support and Reintegration Programme for Vulnerable Returnees'.

The event was held at Brac Centre Inn in the city.

"Why should we send women workers to Saudi Arabia just for a little amount of money?" said Kazi Reazul Hoque, chairman of the National Human Rights Commission of Bangladesh (NHRCB).

About 4.0 million workers are engaged in Readymade Garment (RMG) sector in Bangladesh and most of them are women, he said.

Women are also working in other industries, he added.

So, the women willing to go abroad for jobs can also be hired by local organisations, he observed.

Mr Hoque also said skilled workers from India and Sri Lanka are working in various sectors in Bangladesh.

The government should introduce a quota system for local workers in every sector, he added.

"What is the role of the foreign ministry and Bangladesh missions abroad when a large number of women coming back home after suffering abuse?" the NHRCB chief posed a question.

LFMEAB president Saiful Islam said Bangladesh should stop sending domestic helps to Saudi Arabia. Local industries can recruit the women job seekers instead, he said. The horrific torture inflicted on women workers by their employers in Saudi Arabia is intolerable, he said. At the event, the BRAC and the LFMEAB signed a Memorandum of Understanding (MoU) on reintegration of women workers who returned home. Each of 22 women returnees received a cheque for Tk 100,000 considering their age and condition. Some 50 women will also be provided training and employment under the reintegration programme.

Shariful Islam, programme head of BRAC migration programme, said women who are coming back home are facing various obstacles in the country.

They need long-term reintegration supports. Many are still suffering from mental trauma and many are not accepted in their families.

Recounting their ordeals, women workers said they went to the oil-rich country to change their lot. But they faced untold sufferings instead.

They came back home empty-handed.

Some of them said after returning home, they are not accepted by their families and husbands.

About 1000 women domestic helps returned home from Saudi Arabia in the last six months.

More than 0.2 million Bangladeshi women are still working in Saudi.

Source link: <http://today.thefinancialexpress.com.bd/trade-market/call-to-stop-sending-domestic-helps-to-saudi-arabia-1528740933>

The Daily Star, June 12, 2018

'No one by their side'

Agonies of women tortured in Mideast far from over even after returning home

Bishakha Devnath

Rahima Begum returned to Dhaka from Saudi Arabia on March 21 with nothing but the scars and memories of the torture back in Riyadh. Her husband, refusing to accept her back, had left.

She is currently undergoing treatment with support from Brac, under its migration programme.

The non-government organisation recently began an emergency support programme to address the needs of an increasing number of female migrant workers' returning home from the Middle East, supported by The Leathergoods and Footwear Manufacturers and Exporters Association of Bangladesh

“When they arrived here in the middle of the night, they found no one by their side. Some didn't have money for food or transport to go home,” said Shariful Islam Hasan, head of the migration programme, at an event organised yesterday at Brac Centre in the capital's Mohakhali.

The programme was aimed at drawing attention to the plight of the returning female migrant workers who were physically and sexually abused by their employers in Saudi Arabia and other Middle Eastern countries.

During a tearful address, Sarabon Begum, migrant worker from Jessore, recalled how her employer once beat her unconscious for refusing to eat stale food.

“Our stories of torture are so harrowing that we won't be able to tell [them]. Many women are tortured and abused. I request you, beg you to bring them back,” she said at the programme.

When Sarabon contacted her family, they spent Tk 1.5 lakh to bribe authorities and agents in an attempt to bring her back.

Instead, she was left abandoned on the streets of Riyadh from where police took her to a safe home. After reaching out to Brac, she finally returned.

Sarabon was among the 360 women who returned from Saudi Arabia in less than a month. All of them had been given shelter at Riyadh immigration camp before they flew home, according to a press release issued by Brac.

Although most returned empty-handed, all of them brought back harrowing tales of abuse.

Johura Akhter endured months of torture before she fled to the immigration camp in Riyadh. She returned on May 19.

Once back home, she thought the suffering had ended. But she was thrown out by her in-laws.

“I am in no less agony now; at the mercy of my siblings,” Johura said.

“I went abroad thinking of my two daughters' future. Now I have nothing. Please stop the brokers and agents from sending us abroad.”

Saiful Islam, president of the footwear manufacturers association, said no Bangladeshi woman should be sent abroad to work as domestic help. “If businesses from all sectors come forward, these women [who have returned] can be absorbed into them.” The association signed a memorandum of understanding with Brac yesterday on providing financial assistance to 20 women returnees and skill development for another 50 for their placement in the footwear industry.

Speaking as the chief guest, Kazi Reazul Haque, chairman of National Human Rights Commission, said, “The government is legally obligated to protect the rights of each and every citizen.”

Instead of sending domestic workers, Bangladesh should train workers so they can apply for skilled migration, where workers' rights and interests are protected, he added. According to estimates by Brac Migration Programme, every month between 300 to 400 female migrants return from the Middle East, mostly Saudi Arabia, after being tortured. Estimates by the expatriates welfare and overseas employment ministry show some six lakh Bangladeshi women are put to work in the Middle East, mostly in Saudi Arabia, United Arab Emirates, Lebanon, Jordan and Oman. [The Daily Star is not using the real names of the women migrant workers to protect their identity.]

Source link: <https://www.thedailystar.net/frontpage/no-one-their-side-1589815>

‘গৃহকর্মী হিসেবে মেয়েদের কেন পাঠাতে হবে?’

নিজস্ব প্রতিবেদক, প্রথম আলো

১১ জুন ২০১৮, ১৮:২৯

আপডেট: ১১ জুন ২০১৮, ১৮:৩২

ব্র্যাক এবং এলএফএমইএবি আয়োজিত বিদেশ ফেরত নারীদের সহায়তা ও সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বক্তব্য দেন। ছবি: সংগৃহীতবিদেশফেরত নারীদের পাশে রাষ্ট্রসহ সবাইকে আহ্বান জানিয়ে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, বাংলাদেশি নারীদের কেন গৃহকর্মী হিসেবে বিদেশে পাঠাতে হবে, যেখানে তাঁরা নিরাপদ নন?

বেসরকারি সংস্থা ব্র্যাক এবং লেদার-

গুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এলএফএমইএবি) যৌথ উদ্যোগে বিদেশফেরত নারীদের সহায়তা ও সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান এ আহ্বান জানান। আজ সোমবার সকালে ব্র্যাক সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে কাজী রিয়াজুল হক বলেন,

‘বিদেশফেরত নারীদের আর কত কান্না আমরা শুনব? মধ্যপ্রাচ্যে নারীরা শারীরিক, মানসিক এবং যৌন নিপীড়নের শিকার হচ্ছেন। ফিলিপাইন, শ্রীলঙ্কা যখন নারী কর্মী পাঠানো কমিয়ে দিচ্ছে, কেন আমরা গৃহকর্মী পাঠাচ্ছি? গৃহকর্মে তো মানুষ নিরাপদ নয়। আর সৌদি আরবে তো তারা পরিবার-পরিজনের সঙ্গে কথা বলতে পারে না’

কাজী রিয়াজুল হক বলেন, মানুষ তো পণ্য নয়। প্রত্যেক মানুষের মানবাধিকার ও মর্যাদা নিশ্চিত করতে হবে। এটা সরকারের দায়িত্ব। দেশের ভেতর যদি শুধু পোশাক খাতেই ৪০ লাখ নারীর কাজ করতে পারেন, তাহলে কেন বিদেশে গৃহকর্মী পাঠাতে হবে? মানুষের যদি অধিকার নিশ্চিত না হয়, তাহলে কোনো উন্নয়নে কাজ হবে না। নারী কর্মী পাঠানোর আগে অবশ্যই নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

বিদেশফেরত নারীদের পাশে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সবাইকে থাকার আহ্বান জানিয়ে কাজী রিয়াজুল হক বলেন, জাতীয় মানবাধিকার কমিশনের কথা শুনতে হবে। শুধু বেসরকারি প্রতিষ্ঠান কেন সরকারকেও এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ব্র্যাকের পরিচালক (অ্যাডভোকেসি ফর সোশ্যাল চেঞ্জ, টেকনোলজি অ্যান্ড পার্টনারশিপ স্ট্রেন্‌দেনিং ইউনিট) কে এম মোরশেদ। তিনি বলেন, এ রকম নির্যাতন চলতে পারে না। কেউ যদি বলে নির্যাতন হচ্ছে না, তাহলে তাঁরা অসত্য বলছেন। আর এত নির্যাতনের পরেও কেন সৌদি আরবে নারীরা যেতে চাচ্ছেন বা পাঠানো হবে, সেটা খতিয়ে দেখা উচিত।

লেদার-

গুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এলএফএমইএবি) প্রেসিডেন্ট সায়ফুল ইসলাম বলেন,

'বাংলাদেশ এখন মধ্য আয়ের দেশ। বঙ্গবন্ধুর বাংলাদেশে আমরা কেন এভাবে বিদেশে গৃহকর্মী পাঠাব যেখানে তারা নির্যাতিত হবে? আমরা চাই আমাদের নারীরা সম্মান ও মর্যাদা নিয়ে বাঁচুক। আমরা চাই অন্য সব খাতের ব্যবসায়ীরাও এভাবে এগিয়ে আসুক।'

সাম্প্রতিক সময়ে সৌদি আরবে বিপদে পড়া এবং ফেরত আসা এই নারী কর্মীদের সহায়তা দিতে জরুরি সহায়তা কর্মসূচি নিয়েছে ব্র্যাক।□ ব্র্যাকের অভিবাসন কর্মসূচির প্রধান শরিফুল ইসলাম হাসান এর যৌক্তিকতা তুলে ধরে বলেন, বাংলাদেশ থেকে যেসব নারী বিদেশে কাজ করতে যান, অধিকাংশই দরিদ্র। ভাগ্যবদলের আশায় বিদেশে যাওয়া এই নারীদের অনেকেই শূন্য হাতে ফেরত আসছেন। শরীরে তাঁদের নির্যাতনের ক্ষত অনেকে বিপর্যস্ত। বিমানবন্দর থেকে তাঁদের অনেকের বাড়ি যাওয়ার খরচও থাকছে না। ব্র্যাক তাঁদের বাড়ি যাওয়ার খরচের পাশাপাশি সাময়িকভাবে থাকা ও খাওয়ার ব্যবস্থা, জরুরি স্বাস্থ্যসেবা, মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করছে। তবে ফিরে আসা বেশ কয়েকজন নারী কর্মী মানসিক সংকটে পড়ছেন। অনেকে পরিবারে ফিরতে পারছে না বা পরিবার নিতেও চাচ্ছে না। সমাজও তাঁদের স্বাভাবিকভাবে নিচ্ছে না। এর ফলে নির্যাতনের শিকার হয়ে দেশে ফিরে আসা নারীরা পারিবারিক ও সামাজিকভাবে ফের ঝুঁকিতে পড়ছেন। অথচ তাঁরা যখন বিদেশ থেকে টাকা পাঠান, সবাই সেটা গ্রহণ করেন।

আলোচনা অনুষ্ঠান শেষে বিদেশে ফেরতদের পুনরেকত্রীকরণে ব্র্যাক ও এলএফএমইএবির মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এলএফএমইএবির পক্ষে সভাপতি মো. সায়ফুল ইসলাম এবং ব্র্যাকের পক্ষে অভিবাসন কর্মসূচির প্রধান শরিফুল ইসলাম হাসান এতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে জানানো হয়, ভাগ্য বদলাতে যে নারীরা বিদেশে যাচ্ছেন, একটু সুখের আশায় সেখানে বেতন তো পাচ্ছেনই না, উল্টো অনেক সময়ই তাদের কপালে জুটছে নির্যাতন নিপীড়নের ঘটনা। সৌদি আরব থেকে নির্যাতিত হয়ে দেশে ফেরা এই নারীদের সংখ্যা বাড়ছেই। বর্তমানে মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে ৭ লাখ ৩৫ হাজার ৫৭৫ জন নারী কর্মরত আছেন। এঁদের মধ্যে সৌদি আরবে গেছেন ২ লাখ ৩৪ হাজার ৮৩১ জন নারী। বিশেষ করে ২০১৫ সালে সমঝোতা হওয়ার পর দুই লাখের বেশি নারী বিদেশে গেছেন। তাঁদের অনেকেই সংকটে পড়ে দেশে ফিরে আসতে বাধ্য হয়েছেন। তবে এ পর্যন্ত চাকরি শেষ করে বা প্রতারণার শিকার হয়ে কতজন নারী শ্রমিক দেশে ফেরত এসেছে তার কোনো সুনির্দিষ্ট তথ্য কারও কাছে নেই।

অবশ্য গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, গত তিন বছরে প্রায় পাঁচ হাজার নারী ফেরত এসেছে। এর মধ্যে অন্তত এক হাজার ফিরেছে এ বছরই। চলতি বছরের মে থেকে ১০ জুন পর্যন্ত শুধু সৌদি আরবের রিয়াদের ইমিগ্রেশন ক্যাম্প থেকে দেশে ফিরেছেন ৩৬০ জন নারী কর্মী।

একই ধরনের নির্যাতনের শিকার নারী কর্মীকে নিরাপদে দেশে ফেরত আনার জন্য ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম থেকে ১২৫ জনের জন্য লিখিত আবেদন করা হয় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে। আবেদনের পরিপ্রেক্ষিতে ইতিমধ্যে ৯০ জন কর্মী নিরাপদে দেশে ফিরেছেন আর বাকিরা দেশে ফেরার অপেক্ষায় আছেন।

বিদেশে ফেরত নারীদের সমস্যা সমাধানে ব্র্যাকসহ অভিবাসন নিয়ে কাজ করা ১১টি সংগঠন আজ সকালে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব নমিতা হালদারের সঙ্গে সাক্ষাৎ করে নারীদের নিরাপত্তা রক্ষায় কয়েকটি সুনির্দিষ্ট দাবি তুলে ধরেছে। এর মধ্যে রয়েছে সংকট সমাধানে সৌদি আরবসহ বিদেশে কাজ করতে যাওয়া প্রতিটি নারী শ্রমিকের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দ্বিপক্ষীয় চুক্তির মাধ্যমে গন্তব্য দেশের আইন অনুযায়ী আইনি সুরক্ষা, নির্যাতনকারীদের আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করা, ক্ষতিপূরণ, স্বাস্থ্য সেবা ও প্রাপ্য মজুরি নিশ্চিত করা, পুনরেকত্রীকরণের ব্যবস্থা।

সচিব নারীদের সুরক্ষার বিষয়ে মন্ত্রণালয়ের কাজ সম্পর্কে তাদের জানান।

<http://www.prothomalo.com/bangladesh/article/1507821/%E2%80%98%E0%A6%97%E0%A7%83%E0%A6%B9%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A7%80->

[%E0%A6%B9%E0%A6%BF%E0%A6%B8%E0%A7%87%E0%A6%AC%E0%A7%87-
%E0%A6%AE%E0%A7%87%E0%A7%9F%E0%A7%87%E0%A6%A6%E0%A7%87%
E0%A6%B0-%E0%A6%95%E0%A7%87%E0%A6%A8-
%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%A0%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%87-
%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87%E2%80%99](#)

সৌদি থেকে দুঃস্বপ্ন নিয়ে ফেরা নারীদের নতুন স্বপ্ন

প্রকাশ: ১১ ঘন্টা আগে

সমকাল প্রতিবেদক

রাজধানীর মহাখালীর ব্র্যাক ইন. সেন্টারে সমঝোতা স্মারক সই অনুষ্ঠান -সমকাল

স্বচ্ছল জীবনের স্বপ্নে দেশ ছেড়ে সৌদি আরবে গৃহকর্মীর কাজে গিয়েছিলেন তারা। বিদেশ গিয়ে অবর্ণনীয় নির্যাতন নিপীড়নের শিকার হয়ে স্বচ্ছলতার স্বপ্ন দুঃস্বপ্নে রূপ নেয়। শারিরিক, মানসিক নির্যাতনের শিকার হয়ে শুধু প্রাণটা নিয়ে দেশে ফেরেন তারা। ফিরেও ভাল ছিলেন না। কেউ হয়েছেন পরিবার থেকে পরিত্যক্ত। দুঃস্বপ্নের রাত শেষে নতুন ভোর আসতে যাচ্ছে তাদের জীবনে। **সর্বহারা এ নারীদের চাকরি দেবে লেদার-গুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এলএফএমইএবি)।** **সোমবার এলএফএমইএবি এ সংক্রান্ত সমঝোতা স্মারক সই করে ব্র্যাক মাইগ্রেশনের সঙ্গে। মহাখালীর ব্র্যাক ইন. সেন্টারে সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে জানানো হয়, ২২ জন নারীকে এক লাখ টাকা করে অনুদান দেওয়া হবে। প্রশিক্ষনের মাধ্যমে চাকরি দেওয়া হবে সৌদি থেকে দেশে ফেরা ৫০ নির্যাতিত নারীকে।**

গত তিন বছরে মধ্যপ্রাচ্য থেকে নির্যাতনের শিকার হয়ে দেশে ফিরেছেন প্রায় চার হাজার নারী। চলতি বছরের প্রথম পাঁচ মাসে ফিরেছেন আরো পাঁচ শতাধিক। তাদের অনেকই ধর্ষণের শিকার হয়েছেন। কয়েকজন ধর্ষণে গর্ভবতী হয়ে পড়েন। নির্যাতনে কারো পা ভেঙেছে, কারো ভেঙেছে হাত। অনেকেই মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছেন।

গত সাড়ে তিন বছরে পৌনে দুই লাখ নারী বাংলাদেশ থেকে গৃহকর্মীর কাজে সৌদি আরব গিয়েছেন। দলে দলে নারী নির্যাতনের শিকার হয়ে দেশে ফিরলেও কোন রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়। বরং মন্ত্রণালয়ের কর্মকর্তারা বহুবার বলেছেন, চাকরি পাওয়া নারীর তুলনায় নির্যাতিত মেয়ের সংখ্যা নগন্য।

তবে ব্র্যাকের সমঝোতা সই অনুষ্ঠানে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, বাংলাদেশি নারীদের কেন গৃহকর্মী হিসেবে বিদেশে পাঠাতে হবে, যেখানে তারা নিরাপদ নন? তিনি বলেছেন, বিদেশফেরত নারীদের আর কত কান্না শুনবা। মধ্যপ্রাচ্যে নারীরা শারিরিক, মানসিক এবং যৌন নিপীড়নের শিকার হচ্ছেন। ফিলিপাইন, শ্রীলঙ্কা যখন নারী কর্মী পাঠানো কমিয়ে দিচ্ছে, বাংলাদেশ কে ন পাঠাচ্ছে?

কাজী রিয়াজুল হক বলেন, মানুষ পণ্য নয়। প্রত্যেক মানুষের মানবাধিকার ও মর্যাদা নিশ্চিত করার দায়িত্ব সরকারের। নারী কর্মী পাঠানোর আগে অবশ্যই নিরাপত্তা নিশ্চিত করতে হবে। নির্যাতনের শিকার হয়ে দেশে ফেরা নারীদের পাশে দাঁড়াতে সরকারসহ সবার প্রতি আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ব্র্যাকের পরিচালক কে এম মোরশেদ। তিনি বলেন, কেউ যদি বলে মধ্যপ্রাচ্যে বাংলাদেশি নারীদের ওপর নির্যাতন হচ্ছে না, তাহলে তারা অসত্য বলছেন। আর এত নির্যাতনের পরেও কেন নারীদের গৃহকর্মীর কাজে পাঠাচ্ছে তা খতিয়ে দেখা উচিত।

এলএফএমইএবির প্রেসিডেন্ট সাইফুল ইসলাম বলেন, বাংলাদেশ এখন মধ্য আয়ের দেশ। বঙ্গবন্ধুর বাংলাদেশের নারীরা বিদেশে গৃহকর্মীর কাজে গিয়ে কেন নির্যাতিত হবে? তারা যেন সম্মান নিয়ে বাঁচতে পারে সেজন্য অন্য খাতের ব্যবসায়ীদেরও এগিয়ে আসতে হবে।

ব্র্যাকের অভিভাসন কর্মসূচির প্রধান শরিফুল ইসলাম হাসান বলেন, যেসব নারী বিদেশে কাজ করতে যান তাদের অধিকাংশ দরিদ্র। ভাগ্যবদ

লের আশায় বিদেশে যাওয়া এই নারীদের অনেকেই শূন্য হাতে ফেরত আসছেন। তাদের শরীরে নির্যাতনের ক্ষত। বিমানবন্দর থেকে বাড়ি যাওয়ার টাকাও নেই তাদের কাছে। দেশে ফিরে সমাজে পরিবারে তাদের ঠাঁই হচ্ছে না। অথচ তারা যখন বিদেশ থেকে টাকা পাঠান তা স বাই গ্রহণ করে।

Source

link: <http://samakal.com/bangladesh/article/1806707/%E0%A6%B8%E0%A7%8C%E0%A6%A6%E0%A6%BF-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87-%E0%A6%A6%E0%A7%81%E0%A6%83%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%A8-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%AB%E0%A7%87%E0%A6%B0%E0%A6%BE-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%A4%E0%A7%81%E0%A6%A8-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%A8>

Thank you very much for your attention.

With thanks and regards

Md. Saiful Islam

President,

**Leathergoods And Footwear Manufacturers & Exporters Association
of Bangladesh (LFMEAB)**

Erectors House, 9th Floor, 18 Kemal Ataturk Avenue,
Banani C/A, Dhaka-1213, Bangladesh

Tel: 880-2-9821418-9

Fax: 880-2-9821420

E-mail: info@lfmeab.org

www.lfmeab.org